গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রনালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd
ফেসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮. ২৭৬৮

১৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
৩০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়:** বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর ইনোভেশন টিম এর ৫০ তম সভার কার্যবিবরণী।

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে গঠিত ইনোভেশন টিমের ৫০ তম সভা গত ২৯ অক্টোবর, ২০১৯ খ্রি: তারিখ, রোজ মঙ্গলবার অপরাহ্ন ১৪.৩০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের ৪২৯ নম্বর কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

**২.০. আলোচনা:**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি পুনঃগঠিত ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রারম্ভে ইনোভেশন টিমের সদস্যসচিব সভার আলোচ্যসূচি অনুযায়ী ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধরণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশের লক্ষ্যে গত ২২/০৯/২০১৯ তারিখে জারীকৃত পরিপত্র মোতাবেক প্রাপ্ত ইনোভেশন আইডিয়া প্রদানকারী কর্মকর্তাবৃন্দ ইনোভেশন টিমের পর্যালোচনার জন্য স্বীয় ইনোভেটিভ আইডিয়া সম্পর্কে ধারনা প্রদান করেন । উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। উদ্ভাবনী কাজে সম্পৃক্ত কর্মকর্তাগণের দেশে ও বিদেশে শিক্ষা সফর আয়োজন সংক্রান্ত আলোচনা করা হয়। জিএটিসি এর সাথে আলোচনাক্রমে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ, সেমিনার আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত দুইটি উদ্ভাবনী উদ্যোগ যথাসময়ে বাস্তবায়নের জন্য আইডিয়া প্রদানকারী টিম লিডারগণকে অবহিত করণ এবং প্রয়োজনীয় যোগাযোগের জন্য জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল)'কে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

**৩.০ সিদ্ধান্তসমূহ:** বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. উদ্ভাবনী ধরণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা আগামী ০৩/১১/২০১৯ তারিখের মধ্যে তথ্য বাতায়নে প্রকাশের লক্ষ্যে জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, লাইব্রেরিয়ান (চলতি দায়িত্ব) এর প্রেরিত ইনোভেশন আইডিয়া 'ই-লাইব্রেরি সেবা' ইনোভেশন টিমের সভায় সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়। গত ০৯-১০, অক্টোবর, ২০১৯ তারিখে সেবা সহজিকরণ সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালার আউটপুট হিসেবে জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব) এবং জনাব মোহাম্মদ আলমগীর কবীর, উপ-পরিচালক (ভূতত্ত্ব) দ্বয়ের আইডিয়া " বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানকে লাইব্রেরি সেবা প্রদান সহজিকরণ" তথ্য বাতায়নে প্রকাশ করা হবে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২. উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২০ জন কর্মকর্তার জন্য ০২ দিনের প্রশিক্ষণ, সেবা সহজিকরণ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ জন কর্মকর্তার জন্য ০২ দিনের প্রশিক্ষণ কর্মশালা এবং স্থগিতকৃত ইনোভেশন সংক্রান্ত একদিনের সেমিনার জিএটিসির সাথে আলোচনাক্রমে চূড়ান্ত করা হবে।

৩.৩. ইনোভেশন সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট ০৭ জন কর্মকর্তার জন্য দেশে শিক্ষা সফর আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ইনোভেশন সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট ০৩ জন কর্মকর্তার জন্য বিদেশে শিক্ষা সফর আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৪. ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত দুইটি উদ্ভাবনী উদ্যোগ যথাসময়ে বাস্তবায়নের জন্য আইডিয়া প্রদানকারী টিম লিডারগণকে অবহিত করণ এবং প্রয়োজনীয় যোগাযোগের জন্য জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল) কে দায়িত্ব প্রদান করা হয়।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষনা করেন।

৩০.১০.১৯

(সাইদুল হোসেন)
পরিচালক (ভূতত্ত্ব)
সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি
ফোনঃ ৫৮৩১২২১৬৮
E-mail: hossain747@gmail.com

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
৩০ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।

৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।

৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৫) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৬) জনাব খোন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৭) জনাব মোঃ ফারুক হাছান, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৮) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন টিম, জিএসবি, ঢাকা।

৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) নথিতে সংরক্ষণের জন্য।

জারীকৃত
স্বাক্ষর-
তারিখ- ৩০.১০.২০১৯

৩০/১০/২০১৯
(রাজিব কুমার সাহা)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)
সদস্যসচিব
ইনোভেশন টিম, জিএসবি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর এর ইনোভেশন টিমের ৫০ তম সভা (অক্টোবর, ২০১৯ মাসের) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে কক্ষ নং-৪২৯ এ ২৯ অক্টোবর, ২০১৯ রোজ মঙ্গলবার অপরাহ্ণ ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১) | জনাব সাইদুল হোসেন | পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি | |
| ২) | জনাব মোহাম্মদ আশরাফুল কামাল | উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য | |
| ৩) | জনাব নাসিমা বেগম | উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য | |
| ৪) | জনাব খোন্দকার রবিউল ইসলাম | উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য | |
| ৫) | জনাব ফারুক হাছান | সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য | |
| ৬) | জনাব রাজিব কুমার সাহা | সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য সচিব | |

* কর্মকর্তাগণের ক্রম তালিকা জেষ্ঠতার ভিত্তিতে নয়